

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫২২৮  
আগরতলা, ১৬ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
গোমতী জেলায় লাইসেন্সপ্রাপ্ত  
আগ্নেয়াস্ত্র জমা দেওয়ার নির্দেশ

লোকসভার আসন্ন সাধারণ নির্বাচনকে কেন্দ্র করে নির্বাচনের আগে ও পরে নির্বাচনী হিংসা প্রতিরোধে গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা এক আদেশে সমস্ত লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন। জেলার লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ আগামী ১৮ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে। তবে জেলার ব্যাঙ্ক শাখাগুলিতে কর্মরত নিরাপত্তারক্ষীদের লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্রের ক্ষেত্রে এই আদেশ কার্যকর হবে না। এই আদেশ অমান্য করলে আর্মস অ্যাক্ট ১৯৫৯-এর অধীনে আদেশ অমান্যকারীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে।

\*\*\*\*\*